

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৮

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ফেব্রুয়ারি-২০২৬ মাসের প্রথম পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

বিদ্যুৎ পরিস্থিতি: খুলনা মহানগরী ও জেলার বিভিন্ন এলাকায় সাম্প্রতিক সময়ে বিদ্যুৎ পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি লক্ষ্য করা যাচ্ছে। সরকারের সমন্বিত উদ্যোগ ও সংশ্লিষ্ট দপ্তরগুলোর সমন্বিত প্রচেষ্টার ফলে বিদ্যুৎ সরবরাহ এখন অনেকটা স্থিতিশীল ও নিরবচ্ছিন্ন যা সাধারণ জনগনের মধ্যে স্বস্তি ফিরিয়ে এনেছে।

স্থানীয় বিষয়: খুলনা জেলার নয়টি উপজেলা ও মহানগর এলাকায় অতীতের যে কোন সময়ের তুলনায় জাতীয় নির্বাচন ও গণভোট-২০২৬ সম্পন্ন হয়েছে। তরুন ভোটারসহ সকল ভোটার ভোট দিতে পেরে আনন্দিত বলে জনমতে উঠে এসেছে। এদিকে নির্বাচন ও গণভোট-কে কেন্দ্র করে খুলনার রাজনৈতিক অঙ্গনে এখন পর্যন্ত কোন ধরনের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর আন্তরিকভাবে দায়িত্ব পালনের নির্বাচন ও গণভোট ভাল ভাবে সম্পন্ন হয়েছে বলে জনমত পাওয়া যায়।

পর্যবেক্ষণ: বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঞ্জার প্রকোপ বেশ নিয়ন্ত্রণে। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা স্থিতিশীল রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রেখেছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে।

আইন শৃঙ্খলা: গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে খুলনা জেলায় সার্বিক প্রস্তুতি সন্তোষজনক ছিল। নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়- সে লক্ষ্যে জেলা প্রশাসন, নির্বাচন কমিশন, পুলিশ প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী সমন্বিতভাবে কাজ করেছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে খুলনা মহানগর ও জেলা পুলিশ সর্বোচ্চ সতর্ক অবস্থানে ছিল।

দ্রব্যমূল্য: খুলনা সিটি কর্পোরেশন এলাকার স্থানীয় বাজারগুলো বিশেষ করে ময়লাপোতা সাক্ষ্য বাজার, গল্লামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় চাল, ডাল, মাংস, মুরগি ও তেলের দাম তুলনামূলকভাবে একই পর্যায়ে রয়েছে। মৌসুমী সবজি ও মাছের সরবরাহ কিছুটা কমে যাওয়ায় দাম বেড়েছে, যা নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের জন্য কিছুটা অসুবিধা হচ্ছে। এছাড়া জেলা প্রশাসনের নিয়মিত বাজার তদারকি ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রমের কারণে অসাধু ব্যবসায়ীদের দৌরাঙ্গ্য কমেছে।

নৈতিক অবক্ষয়: নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার: অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।



১৬-০২-২০২৬

গাজী জাকির হোসেন
পরিচালক

ফোন : ০২৪৭৭৭২১৮৪২

ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২

ইমেইল : ddinfokhna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

